

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ মে'২০২৪খ্রিঃ

স্মার্ট চট্টগ্রাম সিটি বিষয়ে চসিকের সাথে ফ্যাকশন হোল্ডিংসের

সমঝোতা স্মারক

‘স্মার্ট চট্টগ্রাম সিটি’ নির্মাণের বিষয়ে যুক্তরাষ্ট্রের ফ্যাকশন হোল্ডিংস কর্পোরেশন (Faction Holdings Corporation, USA) এর সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বুধবার চসিকের টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর উপস্থিতিতে এই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। চসিকের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম এবং ফ্যাকশন হোল্ডিংস কর্পোরেশনের পরিচালক ম্যাক্স গারজা (গম্বী এধুধ ৩৩৩) চুক্তি স্বাক্ষর করেন। এসময় মেয়র বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে স্মার্ট বাংলাদেশ গড়ার পরিকল্পনা নিয়েছেন তা বাস্তবায়নে চট্টগ্রামকে ঘিরে নানা কাজ হচ্ছে। এরই অংশ হিসেবে আজকের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল। ফ্যাকশন হোল্ডিংস কর্পোরেশনের পরিচালক ম্যাক্স গারজা বলেন, স্মার্ট চট্টগ্রাম গড়তে হলে শিশুদের জন্য শিক্ষা ব্যবস্থাকে ও শিক্ষা অবকাঠামোকে স্মার্ট হিসেবে গড়তে হবে। এক্ষেত্রে ফ্যাকশন হোল্ডিংস কর্পোরেশনের অভিজ্ঞতা ও সক্ষমতা চট্টগ্রামকে এগিয়ে নিবে। এজন্য আমরা ফিজিবিলিটি স্টাডি করে প্রযুক্তি ও কৃত্তিম বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে শিক্ষা, স্বাস্থ্য ও পরিবহনখাতসহ নগরসেবা ও নগর উন্নয়নের মাধ্যমে চট্টগ্রামকে একটি স্মার্ট নগরী হিসেবে গড়তে চসিকের সাথে কাজ করতে চাই। এসময়ে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সাবেক ব্যবস্থাপনা পরিচালক এবং এফবিসিসিআই ইনোভেশন এন্ড রিসার্চ সেন্টারের প্রধান নির্বাহী কর্মকর্তা ডা. বিকর্ণ কুমার ঘোষ, চসিক কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, আইন কর্মকর্তা জসিম উদ্দিন, প্রধান শিক্ষা কর্মকর্তা সাইফুল ইসলাম, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, ফারজানা মুক্তা, তাসমিয়া তাহসিন, রিফাতুল করিম।

ইপিআই কর্মসূচী জোরদারের লক্ষ্যে চসিক ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার

ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত নগরীর ৪১টি ওয়ার্ডে চলমান ইপিআইয়ের শতভাগ কার্যক্রমের লক্ষ্যে চসিকে কর্মরত জোনাল মেডিকেল অফিসার, ইপিআই টেকনিশিয়ান, এনজিও প্রতিনিধিগণের সমন্বয়ে এক ‘ইপিআই ত্রৈমাসিক সমন্বয় সভা’ আজ মঙ্গলবার সকালে সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতাল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহের পরিচালনায় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিভাগীয় কো-অর্ডিনেটর ডাঃ ইমং প্রু চৌধুরী, মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ হোসনে আরা বেগম। স্বাগত বক্তব্য রাখেন সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ তপন কুমার চক্রবর্তী। আরো উপস্থিত ছিলেন জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন প্রমুখ। সভায় জানুয়ারী হতে এপ্রিল ২০২৪ পর্যন্ত জার মাসের ইপিআই কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তথ্য উপাত্ত উপস্থাপন করেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা হু’র এসআইএমও ডাঃ সরওয়ার আলম। প্রধান অতিথির বক্তব্যে ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় চলমান ইপিআই কর্মসূচীকে জোরদার করার লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনার আলোকে ওয়ার্ড পর্যায়ে কর্মসূচী বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। তিনি বলেন, এই কর্মসূচী সফলভাবে বাস্তবায়িত হলে মা ও শিশু মৃত্যুর হার কমবে। এ লক্ষ্যকে সামনে রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীতে ইপিআই কার্যক্রমকে শতভাগ নিশ্চিত করার জন্য সাতটি ইপিআই জোনে টিকাদানের কভারেজ জোরদার, জিরো ডোজ ও ড্রপ আউট কমানো, রিপোর্টিং, সুপারভিশন কার্যক্রম সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। এবং প্রত্যেক টিকাদান কেন্দ্রে টার্গেট অনুযায়ী টিকা প্রদান সুনিশ্চিত করতে হবে। তিনি আরো বলেন, প্রয়োজনে অতিরিক্ত সেশন ব্যবস্থা চালু করা হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮